দৈনিক ইত্তেফাক

২৫

তারিখ ..20 APR 1996 ..
পৃষ্ঠা . ১ কলাম . ৭ ...

# ঢাকা ভার্সিটি প্রশাসনের অনিয়ম দুর্নীতি তদন্তের দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের ৩২ জন সদস্যের পক্ষ হইতে গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয় ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ভিসিসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের গত ৫ বৎসরের অনিয়ম, দুর্নীতি, স্বজনপ্রীতি ও দলীয়করণের বিষয়সমূহ তদন্তের জন্য তত্ত্বাবধায়ক সরকারের নিকট দাবী জানান হইয়াছে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন এডভোকেট সৈয়দ আহ-

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## ঢাকা ভার্সিটি

( ১ম পৃ: পর )

মদ। লিখিত বক্তব্যে অভিযোগ উত্থাপন করিয়া বলা হয়, ভিসিসহ বিশ্ববিদ্যালয় প্রশাসন দুর্নীতিগ্রস্ত। দুর্নীতি ও অনিয়ম এখানে নিয়মে পরিণত হইয়াছে। সিনেট ও সিন্ডিকেটের প্রস্তাব ও সিদ্ধান্তসমূহ ভিসি স্বেচ্ছাচারমূলকভাবে নিজ মর্জিমাফিক বাস্তবায়ন ও প্রয়োগ করিয়া থাকেন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রশাসনিক কমিটি ও বডির নির্বাচনে নানা প্রলোভন, এমনকি সরাসরি পক্ষাবলম্বনের মাধ্যমে ভিসি ক্ষমতাসীন দলের পক্ষে কাজ করেন। বক্তব্যে আরও বলা হয়, বিশ্ববিদ্যালয় প্রশাসনকে পক্ষে নেওয়ার জন্য পছন্দমত প্রার্থীদের এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান, নূতন নিয়োগের ক্ষেত্রে ভিসির পছন্দসই প্রার্থীদের ইন্টারভিউতে ডাকা হয় আর অধিকতর যোগ্য প্রার্থীকে বাদ দেওয়া হয়। প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষক নিয়োগে অনিয়ম ও চরম দলীয়করণ, বিগত ৪ বছর যাবৎ বিশ্ববিদ্যালয় দিবস ও সমাবর্তন অনুষ্ঠান না করা, বিশ্ববিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি অনুষ্ঠানের নামে সরকারের দলের সভা অনুষ্ঠান, বাড়ী বরাদ্দে অনিয়ম এবং দীর্ঘ সাত বছর যাবৎ ডাকসু নির্বাচন বন্ধ রাখিয়া অছাত্রদের নিয়া ডাকসু পরিচালনা করা হইতেছে।

এই বিষয়গুলি আলোচনা ও সমাধানকল্পে অবিলম্বে সিনেট অধিবেশন ডাকারও দাবী জানান হয়। সাংবাদিক সম্মেলনে সূচনা বক্তব্য রাখেন শিক্ষক নেতা অধ্যাপক ম, আখতারুজ্জামান। সিনেট সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর এ,টি,এম,, জহুরুল হক, ডঃ আ, আ, ম, স, আরেফিন সিদ্দিক, অধ্যাপক মোঃ শাহাদত আলী, ডঃ এ,কে, আজাদ চৌধুরী, ডঃ সুলতানা শফি, অধ্যাপক মোঃ আনোয়ার হোসেন, এম,এ, সালাম তালুকদার, প্রফেসর এম, মোস্তফা চৌধুরী, ডঃ হারুন-অর-রশীদ, ইসমাৎ কাদির গামা, হাবিবুর রহমান খান, মিসেস খালেদা হাবিব প্রমুখ।